

২২ সেপ্টেম্বর শুরু হচ্ছে ভিস্টুলা ১ম পোলিশ চলচ্চিত্র উৎসব

- A Monitor Desk Report

Date: 20 September, 2021



1st Polish Film Festival
in Bangladesh

Lecture: Introduction to Polish Cinema
25 September 8.00PM (BDT)

Weronika Bilaska
Cinematographer
(A Coach's Daughter)
Member, PSC
Poland

POLISH FILM INSTITUTE WSPIERAM! FUNDACJA słowarzyzenie kin studyjnych iafm

www.festiwalwisla.pl www.vpffb.com

‘বেচিত্রের আশ্বাসে নন্দিত পদযাত্রা’ স্লোগানকে সামনে রেখে আগামী ২২ থেকে ২৬ সেপ্টেম্বর পর্যন্ত বাংলাদেশে এই প্রথমবারের মত শুরু হতে যাচ্ছে ৫ দিনব্যাপী ভিস্টুলা ১ম পোলিশ চলচ্চিত্র উৎসব বাংলাদেশ ২০২১।

এই উৎসবের সার্বিক আয়োজনে রয়েছে WSPIERAM Foundation এবং International Academy of Film and Media (IAFM)। উৎসব আয়োজনে সহায়তা করছে পোল্যান্ডের বিখ্যাত Polish Film Institute. আগামী ২২-২৬ সেপ্টেম্বর অনলাইন স্ট্রিমিং প্ল্যাটফর্ম Mojeekino (<https://mojeekino.pl/en/>) – তে বিনামূল্যে এই আয়োজনটি উপভোগের সুযোগ পাবেন শুধুমাত্র বাংলাদেশি সিনেপ্রেমিরা। ফিচার, স্বল্প-দৈর্ঘ্য ও প্রামাণ্যচিত্রসহ সমসাময়িক আলোচিত ১০টি পোলিশ চলচ্চিত্র প্রদর্শিত হবে এই উৎসবে।

এর পাশাপাশি থাকছে খ্যাতনামা চলচ্চিত্র বোদ্ধাদের তত্ত্বাবধানে পোলিশ চলচ্চিত্র বিষয়ক মাস্টারক্লাস, লেকচার সেশন এবং সিনেটকে অংশগ্রহণের অভূতপূর্ব সুযোগ। একাডেমিক সেশনে থাকছে পলিশ নারী চিত্রগ্রাহক Weronika Bilaska - এর মাস্টার ক্লাস Cinematography: Women Behind the Camera ও ভারতের প্রখ্যাত চলচ্চিত্র তাত্ত্বিক, লেখক ও শিক্ষক অধ্যাপক সঞ্জয় মুখোপাধ্যায়ের লেকচার। উক্ত একাডেমিক সেশনগুলোতে ফ্রি রেজিস্ট্রেশনের মাধ্যমে যে কেউ যুক্ত হতে পারবেন।

আগামী ২২ সেপ্টেম্বর সন্ধ্যা ৭টায় ইন্টারন্যাশনাল একাডেমি অফ ফিল্ম অ্যান্ড মিডিয়া অফিসিয়াল ফেইসবুক পেজ (<https://www.facebook.com/iafmedu/>) – এ উৎসবের উদ্বোধন ঘোষণায় থাকবেন ইন্টারন্যাশনাল একাডেমি অফ ফিল্ম অ্যান্ড মিডিয়ায় নির্বাহী পরিচালক বিবেশ রায়, পোলেন্ডস্থ ভিস্টুলা পলিশ ফেস্টিভালের সমন্বয়কারী Roksana Pietruczanis, জনসংযোগ কর্মকর্তা Marlena Ochońska এবং ইন্টারন্যাশনাল একাডেমি অফ ফিল্ম অ্যান্ড মিডিয়ায় সম্মানিত চেয়ারপার্সন চলাচ্ছত্র প্রযোজক ও পরিবেশক জনাব মির্জা আবদুল খালেক।

অনলাইন উৎসবটি সকলের জন্য সম্পূর্ণ উন্মুক্ত। বিস্তারিত জানতে ইভেন্ট লিংক -

<https://www.facebook.com/events/548294076496067>

